

## JUDSAA Appreciation program for Alumni Children policy



 জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যুলামনাই অ্যাসোসিয়েশন  
Jahangirnagar University Department of Statistics Alumni Association

২০২৫

## সুচিপত্র

ধারা-১ : ভূমিকা .....	3
ধারা-২ : নামকরণ .....	3
ধারা-৩ : লক্ষ্য ও উদ্দেশ্য .....	3
ধারা-৪ : তহবিলের উৎস .....	3
ধারা-৫ : উপকারভোগী .....	3
ধারা-৬ : আবেদন আহ্বান .....	3
ধারা-৭ : আবেদনের যোগ্যতা .....	4
ধারা- ৮ : মূল্যায়নের মানদণ্ড .....	4
ধারা-৯ : বৃত্তি প্রদান .....	4
ধারা-১০ : মিথ্যা/বিত্রাস্তিকর তথ্য .....	4
ধারা-১১ : মূল্যায়ন কমিটি .....	4
ধারা-১২ : মূল্যায়ন কমিটির কার্যপরিধি ও মেয়াদ .....	4
ধারা-১৩ : নীতিমালা সংশোধনী .....	5
ধারা-১৪ : JUDSAA Appreciation program for Alumni Children policy বিলুপ্তি .....	5

#### ধারা-১: ভূমিকা

JUDSAA (Jahangirnagar University Department of Statistics Alumni Association) কেবল একটি প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন নয় —এটি একটি সজীব, সজ্ঞান ও সংবেদনশীল পরিবারের প্রতীক। এই পরিবারে পারস্পরিক সহানুভূতি, সহযোগিতা এবং মানবিক মূল্যবোধের ভিত্তিতে সম্পর্ক গড়ে ওঠে ও বিকশিত হয়। এই পারস্পরিক বন্ধনের একটি উজ্জ্বল দৃষ্টান্ত হলো “JUDSAA Appreciation program for Alumni Children policy”।

এই Appreciation কার্যক্রমের মূল লক্ষ্য হচ্ছে অ্যালামনাই সন্তানদের শিক্ষাজীবনে উৎসাহ প্রদান এবং আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে। ইহা কেবল স্বীকৃতি নয়, বরং JUDSAA-এর সামাজিক দায়বদ্ধতা ও আন্তরিক সম্পৃক্ততার এক মূর্ত প্রতিফলন।

#### ধারা-২ : নামকরণ

এটি JUDSAA Appreciation program for Alumni Children policy নামে অবহিত হবে।

#### ধারা-৩ : লক্ষ্য ও উদ্দেশ্য

- (ক) অ্যালামনাইদের সন্তানদের উচ্চশিক্ষায় প্রবেশ ও অগ্রগতিতে উৎসাহ ও সহায়তা প্রদান।
- (খ) অ্যালামনাইদের পরিবারের প্রতি সংগঠনের নৈতিক দায়িত্ব পালনের মাধ্যমে সহযোগিতার সংস্কৃতির বিকাশ।
- (গ) সদস্যদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, সহানুভূতি ও আত্মিক সংযোগ জোরদার করা।
- (ঘ) এমন একটি শিক্ষাভিত্তিক, সংবেদনশীল ও সহমর্মী কমিউনিটি গড়ে তোলা, যেখানে সবাই একে অপরের পাশে থাকবে।

#### ধারা-৪ : তহবিলের উৎস

- (ক) ব্যক্তিগত বা দলগত অনুদান।
- (খ) কর্পোরেট বা প্রাতিষ্ঠানিক অনুদান।
- (গ) বিনিয়োগের মুনাফা থেকে প্রাপ্ত টাকা।

#### ধারা-৫ : অর্জনকারী

JUDSAA এর জীবন সদস্য ও সাধারণ সদস্যদের সন্তানরা Appreciation কার্যক্রমের অর্জনকারী হবে।

#### ধারা-৬: আবেদন আহ্বান

- (ক) প্রতি বছর নির্দিষ্ট সময়সীমায় আবেদন আহ্বান করা হবে।
- (খ) আবেদনপত্র অনলাইনে বা নির্ধারিত ফরমে দাখিল করা যাবে।
- (খ) প্রয়োজনীয় কাগজপত্রসহ (শিক্ষাগত যোগ্যতা, অভিভাবকের পরিচয় ও আর্থিক অবস্থা) আবেদন করতে হবে।

#### ধারা-৭ : আবেদনের যোগ্যতা

- (ক) আবেদনকারীকে অবশ্যই JUDSAA-এর জীবন সদস্য বা সাধারণ সদস্যের সন্তান হতে হবে।
- (খ) আবেদনকারীকে অবশ্যই যেকোনো শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণকালীন এবং নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- (গ) প্রান্তিক, অনগ্রসর বা বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী অগ্রাধিকার পাবে।

#### ধারা- ৮ : মূল্যায়নের মানদণ্ড

মূল্যায়নে নিচের বিষয়গুলো বিবেচনা করা হবে:

- (ক) শিক্ষার্থীর শিক্ষাগত ফলাফল;
- (খ) পারিবারিক আর্থিক অবস্থা;
- (গ) সহপাঠক্রমিক কার্যক্রম;
- (ঘ) প্রান্তিক, অনগ্রসর বা বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী অগ্রাধিকার পাবে; ইত্যাদি।

#### ধারা-৯: স্বীকৃতি প্রদান

- (ক) JUDSAA এর বার্ষিক সাধারণ সভায় শিক্ষার্থীদের Appreciation করা হবে।
- (খ) শিক্ষার্থীকে একটি প্রশংসাপত্র প্রদান করা যেতে পারে।
- (গ) আর্থিক সুবিধার পাশাপাশি বিশেষ পুরস্কার দেয়া যেতে পারে।

#### ধারা-১০: মিথ্যা/বিত্রাস্তিকর তথ্য

মিথ্যা বা বিত্রাস্তিকর তথ্য প্রদানের মাধ্যমে উক্ত সুবিধা গ্রহণ করলে, সংশ্লিষ্ট শিক্ষার্থীর আবেদন বাতিল করা হবে।

#### ধারা-১১ : মূল্যায়ন কমিটি

Appreciation কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিনার জন্য নিম্নোক্তরূপে একটি মূল্যায়ন কমিটি গঠন করা যাবে।

১. যুগ্মসাধারণ সম্পাদক (একজন)	আহবায়ক
২. সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক	সদস্য
৩. নির্বাহী সদস্য (একজন নারী)	সদস্য

#### ধারা-১২ : মূল্যায়ন কমিটির কার্য পরিধি ও মেয়াদ

- (ক) Appreciation প্রাপ্তির জন্য আবেদন আহ্বান করা।
- (খ) প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাই করে একটি তালিকা প্রণয়ন করা।
- (গ) নির্বাহী কমিটির অনুমোদন ক্রমে চূড়ান্ত তালিকা প্রকাশ করা।
- (ঘ) কমিটির মেয়াদ হবে কার্যনির্বাহী পর্ষদের অনুরূপ।

### ধারা-১৩ : নীতিমালা সংশোধনী

(ক) নীতিমালা সংশোধনের প্রস্তাব কেবল মাত্র সাধারণ পরিষদের বার্ষিক সাধারণ সভায় অথবা এতদুদ্দেশ্যে আহত বিশেষ সভায় বিবেচিত হবে।

(খ) সাধারণ পরিষদের সভায় অনুমোদিত সংশোধনী গৃহীত হওয়ার সাথে সাথেই তা নীতিমালার অংশ হিসাবে গণ্য হবে।

### ধারা-১৪: 'JUDSAA Appreciation program for Alumni's Children policy' বিলুপ্তি

অ্যাসোসিয়েশনের দুই-তৃতীয়াংশ সদস্যের মতামতের ভিত্তিতে JUDSAA Appreciation program for Alumni Children policy বিলুপ্তি করা যাবে এবং JUDSAA কার্যনির্বাহী পরিষদের সভাপতি মহোদয় বিলুপ্ত করার জন্য একটি সাধারণ সভার মাধ্যমে বিলুপ্ত করতে পারবেন এবং বিলুপ্তির পর উক্ত ফান্ডের টাকা JUDSAA এর মূল ফান্ডে সংযুক্ত হবে।